

pub/opn

দৈনিক ইনকিলাব

তারিখ 1.0 AUG 1906  
পৃষ্ঠা... 5... কলাম... 3...

094

## শিক্ষাঙ্গন

### মাদ্রাসা শিক্ষায় বিজ্ঞানের সিলেবাস

আমরা এ বছর (১৯৮৬ ইং সনে অনুষ্ঠিত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের) দাখিল পরীক্ষা দিয়েছি। বিজ্ঞান বিভাগ থেকে কর্তৃপক্ষ অবগত আছেন যে, গত '৮৫ সনে দাখিল ক্লাসের মান উন্নীত করে এস, এস, সি মানের সমান করা হয়েছে এবং আলিম ক্লাসের মান উন্নীতকরে এইচ,

এস, সি'র সমান করা হয়েছে। বর্তমানে যারা ফাজিল ক্লাসের বিজ্ঞান বিভাগের ছাত্র তারা আরবী বিষয়গুলো দুই শ' (২০০) নাম্বারের মধ্যে পরীক্ষা দিচ্ছে। কিন্তু '৮৫-তে দাখিল পাস করে যারা বর্তমান আলিম ক্লাসে আছে, তাদের আরবী বিষয়গুলো চারশ' (৪০০) নাম্বারের মধ্যে পরীক্ষা দিতে হবে। এতে করে আলিম ক্লাসের বিজ্ঞান বিভাগের ছাত্রদের বিজ্ঞানের যেকোন একটি

জরুরী বিষয় (জীববিজ্ঞান ১ম, ২য় পত্র অথবা গণিত ১ম পত্র ও ২য় পত্র) বাদ পড়ে যায়। আর এ বিষয়গুলো বাদ দিলে মাদ্রাসার ছাত্রদের বিজ্ঞান পড়ার যৌক্তিকতা নেই বলা চলে। কারণ জীববিজ্ঞান ছাড়া মেডিক্যালে পড়া কোন ছাত্রের পক্ষেই সম্ভব হবে না। আর গণিত ছাড়াও বিজ্ঞানকে পছন্দই বলা চলে। যেহেতু আলিম ক্লাসের মান বর্তমান ফাজিল ক্লাসের সমান, তাই আলিম ক্লাসের

(বিজ্ঞানের) সিলেবাস ফাজিল ক্লাসের (বিজ্ঞানের) মতই করা হবে বলে আশা করি। ১৯৮৬-তে নতুন সিলেবাস তৈরীর পূর্বে এ ব্যাপারে বিবেচনা করার জন্য বোর্ড কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

'৮৬-র দাখিল পরীক্ষার্থীর ছাত্রদের পক্ষে  
—মোঃ শরিফুল ইসলাম (শহিদ)  
শরীফবাগ ইসলামিয়া সিনিয়র মাদ্রাসা  
পোঃ ধামরাই, টাকা।